

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী।
(সংস্থাপন শাখা)
www.rajbari.gov.bd

নম্বর ০৫.৩০.৮২০০.০২৬.০৭.০০৮.১৯-১৬০

তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬.০৬.২০১৯ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৬.১৬-৩২৯ নং স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য রাজবাড়ী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড ও স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর	০২ (দুই)টি	গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/-	ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সাঁটলিপিতে ন্যূনতম প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজীতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।

শর্তাবলি:

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.rajbari.gov.bd ওয়েবসাইটে এবং এ কার্যালয়ের সংস্থাপন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।
- ০২। দরখাস্ত আগামী ১০/১২/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, রাজবাড়ী বরাবর ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ০৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রার্থীর সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি ৫x৫ সে.মি. সাইজের ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
খ) ট্রেজারি চালানোর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১ সোনালী ব্যাংকের যে কোন শাখার প্রদেয় ১০০/- (একশত) টাকার ট্রেজারি চালানোর মূলকপি (১ম কপি)।
গ) প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা লিখিত ১০ (দশ) টাকার টিকিট লাগানো ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম।
ঘ) প্রার্থীর বয়স ১০/১২/২০১৯ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
চ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে সর্বশেষ সরকারি সাকুলার অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রত্যয়নপত্র থাকতে হবে।
জ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর ক্ষেত্রে আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ দপ্তর/বিভাগ/সংস্থার প্রধান কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে।
ঝ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- ০৫। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ০৬। বিভাগীয় (চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- ০৭। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

৫

- ০৮। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ডিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
- ০৯। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষ সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৪১ঃ
দিলসাদ বেগম
জেলা প্রশাসক
রাজবাড়ী।

ফোন নং-০৬৪১-৬৫৪০৫(অঃ)
e-mail :dcrajbari@mopa.gov.bd

নম্বর ০৫.৩০.৮২০০.০২৬.০৭.০০৮.১৮-৬৩০(৮৮)

তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি ও বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল)
- ৫। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৬। সিভিল সার্জন, রাজবাড়ী।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৯। মেয়র, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী।
- ১১। সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী।
- ১২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য বলা হলো)।
- ১৩। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী।
- ১৪। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, রাজবাড়ী।
- ১৫। ক) সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ঢাকা।
খ) সম্পাদক, The New Nation, ঢাকা।
গ) সম্পাদক, দৈনিক মাতৃকণ্ঠ, রাজবাড়ী।
- ১৬। অফিস নথি/নোটিশ বোর্ড।

বিজ্ঞপ্তিটি আগামী ২৫/১১/২০১৯ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকার সকল সংস্করণে ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬/১১/১৯
জেলা প্রশাসক
রাজবাড়ী

বরাবর

জেলা প্রশাসক
রাজবাড়ী।

৫৫৫ সে.মি.
ছবি
সম্প্রতি তোলা

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম :										
২.	বিজ্ঞপ্তি নম্বর :										
	তারিখ: দি ন মা স ব ৭ স র										
৩.	প্রার্থীর নাম :		বাংলায় :								
			ইংরেজিতে (বড় অক্ষরে) :								
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর :										
	জন্ম নিবন্ধন নম্বর :										
	যে কোন একটি (সম্ভব হলে ২টি)										
৫.	জন্ম তারিখ :										
	৬. জন্ম স্থান (জেলা):										
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:										
	বছর			মাস				দিন			
৮.	মাতার নাম :										
৯.	পিতার নাম:										
১০.	ঠিকানা:		বর্তমান				স্থায়ী				
	বাসা ও সড়ক (নাম/নম্বর)										
	গ্রাম/পাড়া/মহল্লা :										
	ইউনিয়ন/ওয়ার্ড										
	ডাকঘর:										
	পোস্টকোড নম্বর										
	উপজেলা										
	জেলা										
১১.	যোগাযোগ :		মোবাইল/টেলিফোন নম্বর				ই-মেইল (যদি থাকে)				
১২.	জাতীয়তা:		১৩. জেন্ডার:								
১৪.	ধর্ম:		১৫. পেশা:								
১৬.	শিক্ষাগত যোগ্যতা :										
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান				পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়		গ্রেড/শ্রেণী/বিভাগ	
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):										
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে) :										
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা				এতিম/শারীরিক প্রতিবন্ধী				
			ক্ষুদ্র নৃ-গোষ্ঠী		আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য		অন্যান্য (উল্লেখ করুন):				
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর										
	তারিখ:										
	ব্যাংক/শাখার নাম :										
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)				হ্যাঁ		না		প্রয়োজ্য নয়		
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।											
	তারিখ:	দি	ন	মা	স	ব	৭	স	র		
											প্রার্থীর স্বাক্ষর